

একই স্মারক ও তারিখের প্রতিস্থাপনীয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৩
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং-৫৭.০৩.০০০০.০০০.০১২.৩২.০০০১.২৬.৩২৭

তারিখ- ২৪/০৫/২০২৬খ্রি:

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠানসমূহ হতে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বদলি/অন্যান্য সেবা গ্রহণের তদবিবরণ
জন্য অধিদপ্তরে আগমন নিরুৎসাহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণ বদলি/অন্যান্য সেবা গ্রহণে তদবিবরণের জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে স্বশরীরে এ অধিদপ্তরে আগমন করেন। শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের আগমনের ফলে এ অধিদপ্তরের বিভিন্ন শাখাসহ উর্ধ্বতন কর্মকর্তাদের কাজে বিঘ্ন ঘটে। তাছাড়া, প্রতিষ্ঠানে শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীর ঘাটতি থাকায় শিক্ষার্থীদের স্বাভাবিক পাঠদান কর্মসূচি চরমভাবে ব্যাহত হচ্ছে। এমন পরিস্থিতিতে বদলিসহ বিভিন্ন কাজে তদবিবরণের জন্য কর্মস্থল ত্যাগ করলে প্রতিষ্ঠানের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম আরও ব্যাহত হয়। বদলির বিষয়টি অনলাইনে আবেদনের সুযোগ থাকায় প্রাপ্ত আবেদনগুলো অধিদপ্তর কর্তৃক সর্বোচ্চ সহানুভূতির সহিত বিবেচনাসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। এছাড়া অন্যান্য সেবার ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক প্রেরিত সকল বিষয়াদি সর্বাধিক গুরুত্বসহকারে এবং দ্রুততম সময়ের মধ্যে সেবা কার্যক্রম সম্পন্ন করা হয়। এক্ষেত্রে সেবাপ্রার্থীকে সরাসরি অধিদপ্তরে যোগাযোগ করার প্রয়োজন নেই।

০২. এমতাবস্থায়, অধিদপ্তর কর্তৃক বদলি/অন্যান্য অভ্যন্তরীণ সেবার বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের কর্মস্থল ত্যাগসহ ছুটি মঞ্জুরির ক্ষেত্রে সতর্কতা অবলম্বনের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।


(প্রকৌ. মোঃ জয়নাল আবেদীন)
পরিচালক (প্রশাসন) ও
পরিচালক (পিআইডব্লিউ)
[অতিরিক্ত দায়িত্ব]

অধ্যক্ষ

টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/ইঞ্জিনিয়ারিং কলেজ (সকল)
সরকারি পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট(ভিটিটিআই)
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

অনুলিপি :

১. পরিচালক (প্রশাসন/পরিবহন ও উন্নয়ন/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব(উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬. মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সংশ্লিষ্ট নথি।